



বিমানবন্দর থেকে ৩০০ ফিটে সংবর্ধনাস্থলে পৌঁছেছেন তারেক রহমান



সংগৃহীত ছবি

কড়া নিরাপত্তার মধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান রাজধানীর ৩০০ ফিট এলাকায় নির্ধারিত সংবর্ধনাস্থলে পৌঁছেছেন। পথে পথে বিপুল নেতাকর্মীর উপস্থিতিতে বহর ধীরগতিতে এগিয়ে গেছিল। বাস থেকে দেশবাসীর উদ্দেশে শুভেচ্ছা জানান তিনি।

সবার আগে বাংলাদেশ স্লোগানে সজ্জিত লাল-সবুজ রঙের বাসটি কড়া নিরাপত্তায় বহর এগিয়ে গেছিল।

বিমানবন্দর থেকে বের হওয়ার পর সড়কের দু'পাশে নেতাকর্মী ও সমর্থকদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। জনসমাগমের কারণে বাসটি ধীরে চলতে বাধ্য হয়। যাত্রাপথে বাসের ভেতর থেকে হাত নেড়ে উপস্থিত জনতা ও দেশবাসীর উদ্দেশে শুভেচ্ছা জানান তারেক রহমান। একই সঙ্গে তিনি দলীয় নেতাকর্মীদের অভিবাচন গ্রহণ করেন।

এর আগে বিমানবন্দর থেকে বের হওয়ার সময় প্রতীকীভাবে জুতা খুলে দেশের মাটিতে পা রাখেন তারেক রহমান। পরে তিনি হাতে এক মুঠো মাটি তুলে নেন, যা উপস্থিত নেতাকর্মীদের মধ্যে আবেগঘন মুহূর্তের সৃষ্টি করে।

বিমানবন্দরে পৌঁছানোর পর তারেক রহমানের সঙ্গে থাকা স্ত্রী ডা. জুবাইদা রহমান ও কন্যা ব্যারিস্টার জাইমা রহমানকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। ঢাকায় অবস্থানরত পরিবারের সদস্যদের পাশাপাশি বিএনপির জ্যেষ্ঠ নেতারা তাদের বরণ করে নেন।

দলীয় সূত্র জানায়, সংবর্ধনা ঘিরে সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনী ও দলীয় স্বেচ্ছাসেবকেরা সমন্বিতভাবে কাজ করছেন।